

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।






মেহেরপুর পৌরসভার অডিট এন্ড একাউন্টস বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী :

সভাপতি : মীর জাহাঙ্গীর আলম সভাপতি অডিট এন্ড একাউন্টস বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।

সভার তারিখ : ২৭/০৮/২০২০ খ্রিঃ সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা।

স্থানঃ মেহেরপুর পৌরসভা অফিস।


সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা ও উপস্থিতির স্বাক্ষর

ক্রমিক	নাম ও পদবী	কমিটির পদবী	উপস্থিতির স্বাক্ষর
০১	মীর জাহাঙ্গীর আলম, সভাপতি হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।	সভাপতি	
০২	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও মেয়র মেহেরপুর পৌরসভা।	সদস্য	
০৩	জনাব মোঃ আল-মামুন সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০২নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা	সদস্য	
০৪	জনাব মোছাঃ আনুনা খাতুন, সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও সংরক্ষিত মহিলা আসন ১,২ ও ৩নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা	সদস্য	
০৫	জনাব হামিদা খাতুন, সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও সংরক্ষিত মহিলা আসন ৭,৮ ও ৯নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা।	সদস্য	

অধ্যক্ষ সভার সভাপতি জনাব মীর জাহাঙ্গীর আলম, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর ০১ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা পরম করুণাময় আল্লাহ তায়ালার শুকরিয়া জ্ঞাপন করেন এবং সকলের মধ্যে সালাম ও কুশলাদী বিনিময়সহ সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে নিরীক্ষা বিষয়ক সভার কাজ শুরু করেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মেহেরপুর পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ আবুল কালাম আজাদ গত ২০১৯-২০২০ অর্থ বছরের খাত ওয়ারী আয়-ব্যয়সহ বিভিন্ন নথিপত্র সভায় উপস্থাপন করেন। হিসাব ও নিরীক্ষা কমিটির সম্মানিত সভাপতি সহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উক্ত আয়-ব্যয় তালিকা প্রাথমিকভাবে পূজানুপূজরূপে পর্যবেক্ষণ করেন এবং সর্বসম্মতিক্রমে আগামী ১৩/০৯/২০২০ খ্রিঃ তারিখ থেকে খ্রিঃ ১৭/০৯/২০২০ খ্রিঃ তারিখ প্রতিদিন সকাল ৯-০০ ঘটিকা হতে বিকাল ৫-০০ (নামাজ ও মধ্যাহ্ন বিরতিসহ) পর্যন্ত গত ২০১৯-২০ অর্থবছরের পৌরসভার সকল ক্যাশবই, চাঙ্গান ও খরচের সমস্ত ভাউচার এবং পৌরসভার বিভিন্ন আদায় ও রশিদ বহির টাকা জমা সংক্রান্ত বিস্তারিত পরীক্ষা নিরীক্ষা ও পর্যালোচনা করার সিদ্ধান্ত নেন। এ ছাড়া উল্লেখিত সময়ে অডিট কমিটির চাহিদা মোতাবেক প্রয়োজনীয় নথি ও রেজিস্টার সমূহ নিরীক্ষায় উপস্থাপন বা সরবরাহ করার জন্য হিসাব বিভাগকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সভায় উপস্থিত সকল সদস্যদের আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৭/০৮/২০

মীর জাহাঙ্গীর আলম

সভাপতি

হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

ও

কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।

স্মারক নং-মেপৌ/সাধা/২০২০/

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। মেয়র মহোদয়, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর।
- ২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৩। সচিব, মেহেরপুর পৌরসভা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা।
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা।
- ৬। অফিস নথি।


২৭/০৮/২০

মীর জাহাঙ্গীর আলম

সভাপতি

হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

ও

কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।